



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ  
প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)  
৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।  
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখঃ ২০ ভাদ্র ১৪৩০  
০৪ সেপ্টেম্বর ২০২৩

**প্রশাসনিক পরিপত্র নং- ৪৮/২০২৩**

কর্পোরেশনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচকসমূহের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে নিম্নোক্ত সদস্যগণের সমন্বয়ে 'সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকি কমিটি' গঠন করা হলো:

০১.	উপ-মহাব্যবস্থাপক, অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন	আহ্বায়ক
০২.	সহকারী মহাব্যবস্থাপক, ব্রাঞ্চ অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট (সংশ্লিষ্ট প্রতিনিধি)	সদস্য
০৩.	সহকারী মহাব্যবস্থাপক, ডিসিপ্লিন, গ্রিডেন্স এন্ড আপিল ডিপার্টমেন্ট	সদস্য সচিব
০৪.	সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট (জ্যেষ্ঠতম প্রতিনিধি)	সদস্য

**কমিটির কার্যপরিধি:**

- ক) বর্ণিত কমিটি কর্পোরেশনের প্রধান কার্যালয়, শাখা কার্যালয় ও সাবসিডিয়ারি কোম্পানিসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতির হালনাগাদ সংক্রান্ত কার্যক্রম ত্রৈমাসিক ভিত্তিতে তদারকি করবে;
- খ) হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে আপলোড ও প্রদর্শন নিশ্চিতকরণের বিষয়টি তদারকি করবে;
- গ) সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণের ক্ষেত্রে সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় হালনাগাদকৃত তথ্য উর্ধ্বতন কর্তৃপক্ষ সমীপে উপস্থাপন করবে।
- ০২। উল্লেখ্য, ইতিপূর্বে ২৭.০৩.২০২৩ তারিখে জারীকৃত প্রশাসনিক পরিপত্র নং-২৩/২০২৩ এর মাধ্যমে গঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি বিলুপ্ত করা হলো।
- ০৩। এ আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।
- ০৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হল।

(এস. এম. সিরাজুল ইসলাম)  
সহকারী মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. জনাব
২. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
৩. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৪. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৯. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১১. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।